**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 24-12-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Rojgar Mela :**

গতকাল দেশের ৪৫টি স্থানে রোজগার মেলার আয়োজন করা হয়। রোজগার মেলায় ৭১ হাজারেরও বেশি নিয়োগপত্র বিলির সূচনা করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে গত দেড় বছরে দেশে প্রায় দশ লক্ষ সরকারি চাকরি দেওয়া হয়েছে। ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রধানমন্ত্রী বলেন যে রোজগার মেলা যুবকদের ক্ষমতায়ন করছে এবং তাদের সম্ভাবনাকে উন্মোচিত করছে। তিনি বলেন, দেশের তরুণদের সম্ভাবনা ও মেধার পূর্ণ ব্যবহার সরকারের অগ্রাধিকার। তিনি জোর দিয়ে বলেন যে এই সরকারের নীতি ও সিদ্ধান্তের কারণে গ্রামীণ ভারতে কর্মসংস্থান এবং স্ব-কর্মসংস্থানের নতুন সুযোগ তৈরি হচ্ছে। প্রধানমন্ত্রী বলেন, সরকার মাতৃভাষায় শিক্ষা ও পরীক্ষার অনুমতি দিয়ে এবং ১৩টি ভাষায় নিয়োগ পরীক্ষা প্রদান করে গ্রামীণ যুবক ও প্রান্তিক জনগোষ্ঠীর জন্য ভাষার প্রতিবন্ধকতা দূর করেছে। তিনি বলেন যে ভারত ২০৪৭ সালের মধ্যে একটি উন্নত দেশ হয়ে উঠতে প্রতিশ্রুতিবদ্ধ।

প্রধানমন্ত্রী বলেন মেক ইন ইন্ডিয়া, আত্মনির্ভর ভারত অভিযান, স্টার্টআপ ইন্ডিয়া, স্ট্যান্ড আপ ইন্ডিয়া এবং ডিজিটাল ইন্ডিয়ার মতো প্রতিটি প্রকল্প যুবাদের কেন্দ্রে রেখে তৈরি করা হয়েছে। প্রধানমন্ত্রী বলেন, মহাকাশ ক্ষেত্রে ভারত তার নীতি পরিবর্তন করেছে।

আগরতলার শালবাগান বিএসএফ -এর ত্রিপুরা ফ্রন্টিয়ারের প্রধান কার্যালয়ে আয়োজিত রোজগার মেলায় বিভিন্ন কেন্দ্রীয় বাহিনী ডাকবিভাগ ও ব্যাঙ্কিং ক্ষেত্রে ৩১১ জনকে নিয়োগপত্র দেওয়া

হয়। অনুষ্ঠানে বিএসএফ-এর ত্রিপুরা ফ্রন্টিয়ারের আই জি এ.কে.শর্মা, CRPF-এর আই জি দর্শন লালা গোলা উপস্থিত ছিলেন।

************************

**BJP :**

বিজেপি রাজ্য সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য বলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ত্রিপুরা উন্নয়নের সুফল পাচ্ছে। গতকাল প্রদেশ বিজেপি কার্যালয়ে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন সম্প্রতি স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ রাজ্য সফরকালে ত্রিপুরা একগুচ্ছ উন্নয়ন প্রকল্প লাভ করেছে। তিনি এর জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি সংসদের সাম্প্রতিক অধিবেশনে কংগ্রেস নেতা রাহুল গান্ধীর ব্যাবহার নিয়ে ক্ষোভ প্রকাশ করেন। সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন দলের সাধারণ সম্পাদক বিপিন দেব্বর্মা ও মিডিয়া কনভেনর সুনীত সরকার।

************************

**TBSE :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত ২০২৫ সালের মাধ্যমিক পরীক্ষা শুরু হবে আগামী ২৫শে ফেব্রুয়ারি, শেষ হবে ১৮ই মার্চ, দ্বাদশ মানের পরীক্ষা শুরু হবে ২৪শে ফেব্রুয়ারি, শেষ হবে ২২শে মার্চ। গতকাল আগরতলার গোর্খাবস্তিতে পর্ষদ কার্যালয়ে সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন পর্ষদ সভাপতি ডঃ ধনঞ্জয় গণ চৌধুরী।

এদিকে, পর্ষদ সচিব দুলাল দে জানিয়েছেন অনলাইনে মাধ্যমিক ও দ্বাদশ পরীক্ষার আবেদন পত্র পূরণ করা হবে আগামী ১০ই জানুয়ারি ৩১শে জানুয়ারি পর্যন্ত তা চলবে।

************************

**National agricultural day:**

রাজ্যের কৃষি কলেজে গতকাল উদযাপিত হয়েছে জাতীয় কৃষি দিবস। রাজ্যের বিভিন্ন অংশের কৃষকদের নিয়ে এই দিনটি পালন করা হয়। অনুষ্ঠানে কৃষি দপ্তরের সহ অধিকর্তা ডঃ উত্তম সাহা বলেন, প্রযুক্তিকে কাজে লাগিয়ে কৃষকদের আয় বৃদ্ধি করার দৃষ্টিভঙ্গি নিয়ে মাঠে কাজ করতে হবে। অনুষ্ঠানে নাবার্ডের জেনারেল ম্যানেজার অনিল এস বলেন, রাজ্যে পেঁয়াজ চাষের সম্ভাবনা রয়েছে। কৃষি কলেজের উদ্যোগে অনেকেই পেঁয়াজ চাষে এগিয়ে এসেছেন বলে জানান তিনি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কৃষি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ দেবাশীষ সেন, কৃষি কলেজের সহ-অধ্যাপক ত্রিদিপ ভট্টাচার্য সহ অন্যরা।

*************************

**CPIM :**

বিলোনিয়ার করুনা রায় স্মৃতি হলে গতকাল সিপিআইএমের চতুর্থ দক্ষিণ জেলা সম্মেলন অনুষ্ঠিত হয়। পতাকা উত্তোলনের মাধ্যমে সম্মেলনে সূচনা করেন সিপিআইএম কেন্দ্রীয় কমিটির সদস্য নারায়ন কর। প্রধান বক্তার ভাষনে প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার সাংগঠনিক শক্তি বৃদ্ধির উপর জোর দেন। সম্মেলন থেকে গঠিত ৩১ জনের নতুন জেলা কমিটির সম্পাদক নির্বাচিত হয়েছেন তাপস দত্ত। গঠিত হয়েছে ১১ জনের জেলা সম্পাদকমন্ডলীও।

*************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে ডিসেম্বর রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১১৭তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন।

my gov open forum-এ এবং নমঃ APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৭ তারিখ পর্যন্ত খোলা থাকবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

*************************

**Congress :**

প্রদেশ কংগ্রেস মুখপাত্র প্রবীর চক্রবর্তী গতকাল প্রদেশ কংগ্রেস ভবনে এক সাংবাদিক সম্মেলনে অভিযোগ করেছেন, সম্প্রতি রাজ্যে এনইসি-র বৈঠকে এসে দেশের কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ প্রকৃত তথ্য আড়াল করে মানুষকে বিভ্রান্ত করার চেষ্ঠা করেছেন। সেই সাথে রাজ্যের মুখ্যমন্ত্রীও রাজ্যের উন্নয়ন সম্পর্কে ভুল ব্যাখ্যা দিয়েছেন। তার দাবী, বিভিন্ন প্রকল্পে এন ই সি'র তরফে যে টাকা রাজ্য সরকারকে দেওয়া হয়েছিল তা সঠিক ভাবে খরচ করতে ব্যর্থ হয়েছে রাজ্য সরকার। সাংবাদিক সম্মেলনে প্রদেশ কংগ্রেসের সহ সভাপতি শান্তি রঞ্জন দেবনাথ জানান সংসদে আম্বেদকর সম্পর্কে আপত্তিকর মন্তব্যের প্রতিবাদে সর্বভারতীয় কংগ্রেসের সিদ্ধান্ত অনুযায়ী আজ সারা দেশের সঙ্গে রাজ্যেও আম্বেদকর সম্মাননা যাত্রা করা হবে। এই মিছিলের মাধ্যমে দেশের রাষ্ট্রপতির উদ্দেশ্যে স্মারক লিপি দেওয়া হবে।

*************************

**BJP Mandal Sabhapati :**

এদিকে, গতকাল বিজেপি প্রদেশ কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে দলের স্টেট রিটার্নিং অফিসার সমরেন্দ্র দেব বিজেপির ৬০টি মন্ডলের নাম ঘোষণা করেন। শ্রী দেব বলেন, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, সাংসদ বিপ্লব কুমার দেব এবং বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ বিজেপির নব নিযুক্ত মন্ডল

সভাপতিদের অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন। শ্রী দেব জানান, ৬০টি মন্ডল সভাপতির মধ্যে দুজন মহিলা।

*************************

**Vijay Hazare :**

বিজয় হাজারে ট্রফি সিনিয়র ক্রিকেটের একদিনের সীমিত ওভারের আসরে গ্রুপের দ্বিতীয় খেলায় ত্রিপুরা গতকাল জয়লাভ করেছে। হায়দ্রাবাদে অনুষ্ঠিত খেলায় রাজ্যদল ৫ উইকেটে বিহারকে হারিয়ে দেয়। প্রথমে ব্যাট করতে নেমে বিহার ৫০ ওভারে ৮ উইকেটে ২২৬ রান করে। জবাবে রাজ্যদল ৪৮ ওভার ২ বল-এ ৫ উইকেট হারিয়ে জয়ের লক্ষ্য পূরণ করে।

*************************

**Weather:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ অংশত মেঘলা থাকবে। সকালের দিকে কুয়াশা ছিল। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৫.৪ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৮ ডিগ্রির কাছাকাছি।

*************************

*************************